15

দৈনিক সংবাদ

তারিখ ... JUL 29 1999 ...
পৃষ্ঠা 2 কলাম ৪ ......

কুষ্টিয়া সরকারি কলেজে অন্তর্দ্বন্দ্ব

## ছাত্রদলের কার্যক্রম স্থগিত ॥ ১০ ছাত্রনেতা বহিষ্কার

কুষ্টিয়া থেকে সংবাদদাতা ঃ কুষ্টিয়ায় জাতীয়তাবাদী ছাত্রদলের দু' গ্রুপের সংঘর্ষ এড়াতে কুষ্টিয়া সরকারি বিশ্ববিদ্যালয় কলেজ ছাত্রদলের সকল কার্যক্রম স্থগিতসহ ছাত্রদলের ১০ নেতাকে বহিষ্কার করা হয়েছে। ঘটনায় ৪ জন লাঞ্ছিত হয়েছেন।

আগামী ২রা আগস্ট কুষ্টিয়া সরকারি কলেজ ছাত্র সংসদের নির্বাচনকে কেন্দ্র করে জেলা ছাত্রদল ও সরকারি কলেজ ছাত্রদলের মধ্যে দ্বন্দ্ব চলে আসছিল নির্বাচনে প্রার্থিতা নিয়ে।

২৫শে জুলাই প্রার্থিতা জমা দেয়ার শেষ দিনে জেলা ছাত্রদল ও কলেজ ছাত্রদল থেকে দুটি প্যানেল দেয়া হয়। বিরোধ মেটানোর উদ্যোগ নিলে ৪ নেতা লাঞ্ছিত হন। এরপর মঙ্গলবার গভীর রাত পর্যন্ত জেলা বিএনপি ও জেলা ছাত্রদল বৈঠক করে সরকারি কলেজ ছাত্রদলের কর্মকাণ্ডকে স্থগিত ঘোষণা করে। কলেজ ছাত্রদলের আহ্বায়ক আশরাফুল ইসলাম খান, যুগ্ম আহ্বায়ক জামাল খান অপু, রেজোয়ান, শহর ছাত্রদলের যুগ্ম আহবায়ক ডিউকসহ মোট ১০ জনকে দল থেকে বহিষ্কার করা হয়। একই সাথে কলেজ নির্বাচনে ছাত্রদলের অংশগ্রহণ থেকে বিরত থাকার ঘোষণা দেয়া হয়।